

ইসলাম বিনষ্টকারী বিষয়সমূহ

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

সকল প্রশংসা আল্লাহর জন্য, সালাত ও সালাম ঐ নবীর ওপর যার পরে আর কোনো নবী আসবেন না এবং তাঁর সাহাবী ও যারা তাঁর অনুসরণ করেছেন তাদের ওপর। অতঃপর, হে মুসলিম ভাই জেনে রাখুন, আল্লাহ সকল মানুষের ওপর দীন ইসলাম প্রবেশ করা ও তা আঁকড়ে ধরা ফরয করে দিয়েছেন এবং ইসলাম পরিপন্থী যাবতীয় পথ থেকে সাবধান করেছেন। তিনি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রেরণ করেছেন ইসলামের প্রতি আহ্বান করার জন্য। আর আল্লাহ তা'আলা জানিয়েছেন, যে ব্যক্তি তাঁর অনুসরণ করবে সে হিদায়াত প্রাপ্ত হবে আর যে তাঁর থেকে বিমুখ হবে সে পথভ্রম্ভ হবে। তিনি কুরআনের বহু আয়াতে মুরতাদে পরিণত হওয়ার সকল পথ, সকল প্রকার শির্ক এবং কুফুরী সম্পর্কে সাবধান ও ভীতিপ্রদর্শন করেছেন।

আমাদের সম্মানিত আলেমগণ ধর্ম ত্যাগের হুকুমের অধ্যায়ে উল্লেখ করেছেন যে, একজন মুসলিম ইসলাম বিনষ্টকারী বিভিন্ন কর্মের মাধ্যমে মুরতাদ (ধর্ম ত্যাগী) হয়ে যেতে পারে এবং এ কারণে তার জীবন নাশ করা ও সম্পদ ক্রোক করা বৈধ বলে বিবেচিত হবে। আর এ কারণে সে ইসলামের গণ্ডি থেকেও বেরিয়ে যাবে।

এ সমস্ত ইসলাম বিনিষ্টকারী বিষয়সমূহের মধ্যে সবচেয়ে ভয়াবহ ও অধিক প্রসার লাভকারী বিষয় দশটি যা বর্ণনা করেছেন ইমাম মুহাম্মাদ ইবন আব্দুল ওয়াহাব ও অন্যান্য আহলে ইলমগণ। আল্লাহ তাদের সকলের ওপর রহমত বর্ষণ করুন। নিম্নে অতিসংক্ষেপে আপনাদের উদ্দেশ্যে সে দশটি বিষয় আলোচনা করা হলো। আপনারা যেন এ থেকে সাবধানতা অবলম্বন করেন এবং অন্যদেরকে সাবধান করেন। আমি সামান্য ব্যাখ্যার মাধ্যমে বিষয়গুলো এ আশা নিয়ে বর্ণনা করব যাতে আমরা এ থেকে নিরাপদ থাকতে পারি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10343

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন